## All India Science Teachers' Association, West Bengal
## SCIENCE APTITUDE AND TALENT SEARCH TEST - 2024

**Time : 1 hr. 45 min.** **Full Marks : 60**

### Class III

**নির্দেশাবলী :**

**1)** উত্তরপত্রের বাম ও ডান উভয় দিকেই তোমার নাম, বিদ্যালয়ের নাম ও ক্রমিক নম্বর লিখতে হবে। **2)** প্রশ্নপত্রে প্রত্যেক প্রশ্নের চারটি করে সম্ভাব্য উত্তর a), b), c), d) তে দেওয়া আছে। প্রথমে সঠিক বা সর্বোত্তম উত্তর কোনটি তা স্থির করবে। উত্তরপত্রে প্রশ্নের নম্বর ও তার পাশে চারটি বৃত্ত আছে, বৃত্তের ওপরে a), b), c), d) লেখা আছে। সঠিক উত্তরটি নির্বাচন করে সেই অক্ষরের নিচে যে বৃত্তটি আছে সেটিতে পরিষ্কারভাবে ডটপেন দিয়ে × চিহ্ন দাও, যেমন ◯ ◯ ⨂ ◯ ; এখানে সঠিক উত্তর c)। **3) প্রতি ঠিক উত্তরের জন্য 1 নম্বর পাবে। 3টি ভুল উত্তরের জন্য 1 নম্বর কাটা যাবে। 4)** প্রশ্নপত্রে কিছু লিখবে না। প্রশ্নপত্রে উত্তরে দাগ দেবে না। পরীক্ষার পর কেবল উত্তর পত্রটি জমা দেবে। **5)** প্রয়োজনবোধে রাফ্ কাজ অতিরিক্ত সাদা কাগজে করতে পারে। **6)** কোনো প্রশ্ন কঠিন মনে করলে তার জন্য অযথা সময় নষ্ট না করে পরবর্তী প্রশ্নের উত্তর দেওয়ার চেষ্টা কর। প্রথম উত্তর ভুল মনে হলে তা ● কালো কর এবং সঠিক উত্তরে ⨂ চিহ্ন দাও।

1. কানামাছি খেলায় যে ইন্দ্রিয়ের ব্যবহার অপেক্ষাকৃত বেশি হয় সেটি হল
   a) চোখ  b) নাক  c) কান  d) ত্বক

2. অনেকটা মানুষের মতো করে খাবার খেতে পারে এমন দুটি প্রাণি হল
   a) বিড়াল ও কাঠবিড়ালি  b) ইঁদুর ও কাঠবিড়ালি
   c) ইঁদুর ও কুকুর  d) বিড়াল ও কুকুর

**3-4. নিচের লেখাটি পড়ে 3 ও 4 নং প্রশ্ন দুটির উত্তর দাও।**

রব আর পিউ কথা বলছিল। রব বলল—তুই ছোটার সময় শুরুতেই এগিয়ে যাস। কী করে বলত? পিউ হেসে বলল—সামনে ঝুঁকে মাটিতে জোরে চাপ দিই। আর যেন উড়ে যাই।

3. ছোটার শুরুতে সামনে ঝুঁকে মাটিতে জোরে চাপ দিলে
   a) লম্বা ধাপ নেওয়া যায়  b) উড়ে যাওয়া যায়
   c) উঁচুতে উঠে যাওয়া যায়  d) a থেকে c সবগুলিই

4. পায়ের আঙুলের উপর সবচেয়ে বেশি চাপ পড়ে যখন আমরা

a) বসে থাকি b) দাঁড়িয়ে থাকি c) দৌড়াই d) হাঁটি

5. যে খেলার সময় একটানা অনেকক্ষণ এক পা তুলে থাকতে হয় সেটা হল

a) ফুটবল b) কবাডি c) ক্রিকেট d) এক্কাদোক্কা

6. বেশি জোরে জোরে শ্বাস পড়ে যে সময় সেটি হল

a) সাঁতার কাটা b) কানামাছি খেলা c) লুডো খেলা d) হাঁটা

7. হাঁসরা জল দিয়ে মাখা কুঁড়ো খায়। কুঁড়োয় যে প্রধান খাদ্যবস্তু আছে তা হল

a) আলু b) চালের কণা c) ডালের কণা d) মাছের কাঁটা

8. কেঁচো খেতে ভালোবাসে

a) কুকুর b) বিড়াল c) শালিখ d) ছাগল

9. বাঁকানো ঠোঁট আছে এমন একটা পাখি হল

a) চড়াই b) পায়রা c) টিয়া d) শালিখ

10. প্রায় মানুষের মতো করে ছুটতে পারে

a) শিম্পাঞ্জি b) কাঠবিড়ালি c) বেজি d) বিড়াল

11. তিতো স্বাদের একটা খাবার হল

a) পালং শাক b) পটল ভাজা c) ঝিঙে-পোস্ত d) নিম-বেগুন

12. অনেক বীজ থাকে এমন একটা ফল হল

a) কাঁঠাল b) আম c) জাম d) নারকেল

**13-14. নিচের লেখাটি পড়ে 13 ও 14 নং প্রশ্ন দুটির উত্তর দাও।**

কিটি আর টুকুম কথা বলছিল। কিটি বলল—রান্না করলে খাদ্য সিদ্ধ হয়। নরম হয়। টুকুম বলল—ভিতরে ভিতরে খাদ্য কিছুটা টুকরো টুকরো হয়ে যায়। তাই একটু ফেঁপে যায়।

13. রান্না খাবারের তুলনায় কাঁচা খাবার

a) মিষ্টি b) নরম c) টক d) শক্ত

14. খাবার সিদ্ধ করার উদ্দেশ্য হল খাবারের ভিতরের টুকরোগুলো

a) ছোট করা b) নরম করা c) বড় করা d) শক্ত করা

15. আমরা কাঁচাও খেতে পারি এমন তিনটি জিনিস হল

a) শশা, আলু, পেঁয়াজ b) শাঁকালু, কুমড়ো, পেঁয়াজ

c) শাঁকালু, শশা, পেঁয়াজ d) আলু, কুমড়ো, রাঙা আলু

16. খেজুরের রস পাওয়া যায় খেজুর

a) এর শাঁস থেকে b) এর বীজ থেকে

c) গাছের ডাল থেকে d) গাছের কান্ড থেকে

17. নানা ধরনের উপকার পাওয়া যায় এমন খাবার হল

a) মাংস b) ফল c) ডাল d) ডিম

**18-19. নিচের লেখাটি পড়ে 18 ও 19 নং প্রশ্ন দুটির উত্তর দাও।**

মাটির পাত্র বানাতে এক রকমের চাকা লাগে। একে বলে কুমোরের চাকা। চাকার মাঝে একটা বাটির মতো থাকে। সেখানে নরম মাটি রাখা হয়। তারপর চাকাটা ঘুরিয়ে দেওয়া হয়। এবার মাটির উপর চাপ কমিয়ে বাড়িয়ে পাত্র বানানো হয়।

18. মাটির পাত্র বানাতে মাটি রাখা হয় কুমোরের চাকের

a) মাঝখানে b) প্রান্তে এক জায়গায়

c) প্রান্তে নানা জায়গায় d) যে কোনো জায়গায়

19. মাটির জিনিস তৈরি করার জন্য প্রথমে নিতে হয়

a) শক্ত মাটি b) পোড়া মাটি

c) নরম মাটি d) যে কোনো রকমের মাটি

20. যে দুটির ঘসা লাগায় দেশলাই বাক্সের দেশলাই কাঠি জ্বলে ওঠে তারা হল

a) কাঠি ও বাক্স b) কাঠি ও বারুদ c) বারুদ ও বারুদ d) কাঠি ও কাঠি

21. একটি ছাদ দেওয়া পাকা বাড়ি তৈরিতে লাগে ইট, বালি, সিমেন্ট এবং

a) জল b) পাথর-কুচি

c) লোহা d) a থেকে c সবগুলিই

22. আমের মুকুল থেকে পাকা আম হতে সময় লাগে প্রায়

a) এক-দু মাস b) চার-পাঁচ মাস c) সাত-আট মাস d) এক বছর

**23-24. নিচের লেখাটি পড়ে 23 ও 24 নং প্রশ্ন দুটির উত্তর দাও।**

বাপ্পা আর তিন্নি কথা বলছিল। বাপ্পা বলল—সুতির কাপড়ে ছোট ছোট ফুটো থাকে। গায়ে ঘাম হলে ঘাম বাষ্প হয়ে সেই ফুটো দিয়ে বেরিয়ে যেতে পারে।

তিন্নি বলল—ঠিক বলেছিস। আর উলের মধ্যে বাতাস আটকে থাকে। এই বাতাস আমাদের দেহ থেকে বাইরে তাপ চলাচল হতে দেয় না।

23. সুতির কাপড় কোন ঋতুতে বেশি দরকার?

a) শীত b) বসন্ত c) বর্ষা d) গ্রীষ্ম

24. দেহের গরম ভাব উলের পোশাকের ভিতর দিয়ে যেতে পারে না। তার কারণ উলে আছে

a) বাতাস b) আবদ্ধ বাতাস

c) ভেড়ার গায়ের লোম d) মোটা সুতো

25. খনিজ তেল থেকে তৈরি হয়

a) সিন্থেটিক উল b) সিন্থেটিক কাপড়

c) a ও b দুটোই d) চামড়া

26. শীতকালে পাখিরা পালক ফুলিয়ে রাখে যাতে

a) দেখতে মোটা লাগে b) পালকের মধ্যে বাতাস আটকে থাকে

c) গাছের ডালে বসতে সুবিধা হয় d) a থেকে c সবগুলোই

27. বাড়ি তৈরির যে উপকরণগুলোর প্রতিটাই মানুষ তৈরি করে নিয়েছে সেগুলো হল

a) ইট, বালি, সিমেন্ট, টালি b) ইট, লোহার রড, সিমেন্ট, টালি

c) মাটি, এসবেস্টস, লোহার রড, কাঠ d) মাটি, বালি, লোহার রড, কাঠ

**28-29. নিচের লেখাটি পড়ে 28 ও 29 নং প্রশ্ন দুটির উত্তর দাও।**

দেওয়াল গাঁথার সময় একটার উপর একটা ইট বসাতে হয়। ইট ঠিক ঠিক খাড়াভাবে বসানো হল কিনা বুঝতে ওলন-দড়ি লাগে। একটা দড়ির নিচে লোহার একটা ভারি টুকরো ঝুলিয়ে দিয়ে ওলন-দড়ি হয়।

28. ওলন দড়ি ঝুলিয়ে দেখতে হয়

a) ইটগুলো পাশাপাশি সোজা লাইনে আছে কিনা

b) ঠিক খাড়াভাবে ইট সাজানো হল কিনা

c) পাশাপাশি দুটি ইটের মাঝে ফাঁক সমান কিনা

d) উপর-নিচ দুটি ইটের মাঝে ফাঁক সমান কিনা

29. ওলন-দড়িতে দড়ির

a) নিচে থাকে একটা লোহার টুকরো b) নিচে থাকে একটা ইটের টুকরো

c) উপরে থাকে একটা লোহার টুকরো d) নিচে থাকে একটা কাঠের টুকরো

30. ভূমিকম্পপ্রবণ এলাকার উপযুক্ত বাড়িতে থাকে

a) ইট-সিমেন্ট এর দেওয়াল, কংক্রিটের ছাদ

b) টিনের ছাদ, ইট-সিমেন্টের দেওয়াল

c) কংক্রিটের ছাদ, কাঠের দেওয়াল

d) টিনের ছাদ, কাঠের দেওয়াল

31. দুই অঙ্কের যে সংখ্যাগুলির এককের অঙ্ক দশকের অঙ্কের তিনগুণ সেগুলি হল

a) ১২, ১৩, ২৩ b) ৩১, ৬২, ৯৩

c) ৩৩, ৬৬, ৯৯ d) ১৩, ২৬, ৩৯

32. দুই অঙ্কের কটি সংখ্যার দশকের অঙ্ক এককের অঙ্কের দ্বিগুণ?

a) ২ b) ৩ c) ৪ d) ৫

33. ৫২ – (৪ + ২) × ৬ এর সরল মান

a) ৫৮ b) ১৬ c) ২৭৬ d) ৩০০

34. একটি ঘড়িতে ৮টা বেজে ১৫ মিনিট হয়েছে। কিন্তু ঘড়িটি ২৫ মিনিট এগিয়ে আছে। সঠিক সময় হল

a) ৭ টা ৫০ মিনিট b) ৮ টা ৪০ মিনিট

c) ৭ টা ৪০ মিনিট d) ৮ টা ৩০ মিনিট

35. ২০২৩ সালের জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসের মোট দিনসংখ্যা

a) ৫৮ b) ৫৯ c) ৬০ d) ৬১

36. কাঠের একটি ব্লকের চারটি ধার। দুটি ধারের প্রতিটির দৈর্ঘ্য ১৮০ সেন্টিমিটার। আর অন্য দুটি ধারের প্রতিটির দৈর্ঘ্য ৫০ সেন্টিমিটার। ব্লকটির ধার বরাবর একটি পিঁপড়ে একবার ঘুরে এল। পিঁপড়েটি হাঁটল

a) ৪৬০ সেন্টিমিটার b) ৪৮০ মিটার

c) ৪৮০ সেন্টিমিটার d) ৪৬০ মিটার

37. ৫৫৫ কে ১১ দিয়ে ভাগ করলে ভাগফল ও ভাগশেষ হবে যথাক্রমে

a) ৫ ও ১০ b) ৫ ও ৫ c) ১০ ও ৫ d) ৫০ ও ৫

38. ৫, ৬ ও ০ এই তিনটি অঙ্কের প্রতিটি একবার করে নিয়ে গঠিত সবচেয়ে ছোট জোড় সংখ্যা হল

a) ৫০৬ b) ৬০৫ c) ৬৫০ d) ৫৬

39. ৭ ঘণ্টা ১১ মিনিট ২৫ সেকেণ্ড, ৫ ঘণ্টা ২৩ মিনিট ২৭ সেকেণ্ড এবং ৩ ঘণ্টা ৩৮ মিনিট ১৬ সেকেণ্ড এর যোগফল

a) ১৫ ঘণ্টা ১৩ মিনিট ৮ সেকেণ্ড b) ১৬ ঘণ্টা ১৩ মিনিট ৮ সেকেণ্ড

c) ১৬ ঘণ্টা ৭২ মিনিট ৮ সেকেণ্ড d) ১৫ ঘণ্টা ১৩ মিনিট ৬৮ সেকেণ্ড

40. ৩০ থেকে ৪০ এর মধ্যে থাকা বিজোড় সংখ্যাগুলির যোগফল

a) ১৭৭ b) ১৭৬ c) ১৭৫ d) ১৭৪

41. রিমি, মিমি এবং পিংকীর মধ্যে ১০০টি আম এমনভাবে ভাগ করে দিতে হবে যে রিমি মিমির চেয়ে ১০টি আম বেশি পায় এবং পিংকীর চেয়ে ২৫টি আম বেশি পায়। এইভাবে ভাগ করার পর রিমির আমের সংখ্যা হবে

a) ৫০ b) ৪০ c) ৩৫ d) ৪৫

42. ২৭৮ সংখ্যাটিতে ২ এর স্থানীয় মান ও প্রকৃত মানের পার্থক্য হল

a) ১৯০ b) ১৮৮ c) ২০০ d) ১৯৮

43. তোমার বাবা, তোমার মা ও তোমার বর্তমান বয়সের সমষ্টি ৭০ বছর হলে তিন বছর পরে তোমাদের বয়সের সমষ্টি হবে

a) ৭৯ বছর b) ৭৬ বছর c) ৭৩ বছর d) ৮২ বছর

44. তিনটি ক্রমিক যুগ্ম সংখ্যার সমষ্টি ১৬৮ হলে তাদের মধ্যে ক্ষুদ্রতমটি হল

a) ৫৬ b) ৫৪ c) ৫৮ d) ৫২

45. একটি মোবাইল ফোনের ডায়ালে ০, ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯ (0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9) অঙ্কগুলি থাকে। ঐ অঙ্কগুলির গুণফল হবে

a) ৫০৪ b) ৩২০ c) ৩৬২ d) ০

46. যদি কোন বছরের ১৫ই আগস্ট বৃহস্পতিবার হয় তবে ঐ আগস্ট মাসে সোমবারের সংখ্যা হবে

a) ৩ b) ৪ c) ৫ d) ৬

47. এক ব্যক্তি তাঁর তিন মাসের আয় চার মাসে খরচ করেন। যদি তাঁর ১২ মাসের আয় ৭৮৬২৪ টাকা হয় তবে তাঁর মাসিক খরচ হল

a) ৪৯১৪ টাকা b) ১৯৬৫৬ টাকা c) ৬৫৫২ টাকা d) ১৬৩৮ টাকা

48. (৫১০৭ × ১৩ × ৩২) এর গুণফলের এককের অঙ্ক হবে

a) ১ b) ৩ c) ২ d) ৭

49. ৯০৫০৩ = কত?

a) ৯০০০ + ৫০ + ৩ b) ৯ + ৫ + ৩

c) ৯০০০০ + ৫০ + ৩ d) ৯০০০০ + ৫০০ + ৩

50. এক কিলোগ্রাম আঙুরের দাম ৮০ টাকা হলে ২৫০ গ্রাম আঙুরের দাম হবে

a) ২০ টাকা b) ৩০ টাকা c) ৪০ টাকা d) ১০০ টাকা

51. একটি ভাগের প্রশ্নে ভাজক ৩। একজন ছাত্র ভুল করে ৩ এর বদলে ৮ কে ভাজক হিসাবে নিয়ে ভাগফল হিসাবে ১৮ পেল। সঠিক ভাগফল হত

a) ১৮ b) ৫৪ c) ৪৮ d) ১৪৪

52. ৬ ঘণ্টা ৪০ মিনিটকে মিনিটে প্রকাশ করলে হবে

a) ৪০০ মিনিট b) ৩৬০ মিনিট c) ৩৯০ মিনিট d) ৪১০ মিনিট

53. শূন্য এমন একটি সংখ্যা যা

a) মৌলিক b) জোড়

c) বিজোড় d) জোড় বা বিজোড় কোনটাই নয়

54. তিন অঙ্কের একটি সংখ্যার শতকের অঙ্ক ৫। শতকের অঙ্কটি ৩ বাড়ালে সংখ্যাটি বাড়বে

a) ৫৩ b) ৩০ c) ৩০০ d) ৫০০

55. ২৭, ১২ এবং অপর একটি সংখ্যার গুণফল ১২৯৬ হলে তৃতীয় সংখ্যাটি হবে

a) ২ b) ৩ c) ৪ d) ৫


56. কোন ক্ষেত্রকে সীমাবদ্ধ করতে প্রয়োজনীয় সরলরেখাংশের ন্যূনতম সংখ্যা হল

a) ২ b) ৩ c) ৪ d) ৫

57. তিন অঙ্কের ক্ষুদ্রতম অযুগ্ম সংখ্যাটি হল

a) ১০০ b) ১০১ c) ১০২ d) ১০৩

58. প্রদত্ত চিত্রে ত্রিভুজগুলির মোট সংখ্যা হল



a) ৬ b) ৭ c) ১০ d) ৮

59. দশ টাকার মুদ্রার উপর তলটির জ্যামিতিক আকার হল

a) চোঙ b) বর্গক্ষেত্র c) বৃত্ত d) অর্ধবৃত্ত

60. একটি নিরেট গোলকের উদাহরণ হল

a) লুডোর ছক্কা b) ফুটবল

c) দশ টাকার মুদ্রা d) খেলার মার্বেলের গুলি